This Question paper consists of **30** questions and **7** printed pages.

এই প্রশ্নপত্রটিতে **30**টি প্রশ্ন এবং **7**টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

Roll No.
রোল নং

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |

**BENGALI**
**(বাংলা)**
**(203)**

**Code No.** **64/S/O/B**
কোড নং.

**SET** **A**
সেট

**Day and Date of Examination** ..................................................................
(পরীক্ষার দিন ও তারিখ)

**Signature of Invigilators** 1. ..........................................
(তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর)
2. ..........................................

---

সাধারণ নির্দেশাবলী :

1. পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।
2. প্রশ্ন-পুস্তিকার প্রথম পৃষ্ঠার উপরে ছাপা প্রশ্ন সংখ্যা ও প্রশ্নপত্রের পৃষ্ঠার সংখ্যার সঙ্গে আপনার প্রশ্নপত্রের সংখ্যা মিলিয়ে নিন। প্রশ্নাবলী পরপর আছে কিনা তাও মিলিয়ে নিন।
3. বিষয়মূলক (Objective Type) প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য (A), (B), (C) এবং (D) – এর যে কোনো একটি সঠিক বিকল্পকে বেছে নিয়ে আপনাকে দেওয়া পৃথক উত্তর-পুস্তিকায় সেটি নির্দেশ করুন।
4. সবগুলি প্রশ্নের উত্তর নির্ধারিত সময়ের মধ্যেই দিতে হবে।
5. নির্দিষ্ট স্থান ছাড়া অন্য স্থানে পরিচয়জ্ঞাপক চিহ্ন দিলে অথবা রোল নম্বর লিখলে পরীক্ষার্থী অযোগ্য বিবেচিত হতে পারেন।
6. উত্তর পুস্তিকায় প্রশ্ন-পুস্তিকার Code No. **64/S/O/B** লিখুন।



Unnati Educations
9899436384, 9654279279

# BENGALI

## (বাংলা)

## (203)

সময় : 3 ঘন্টা ] [পূর্ণমান : 100

---

**নির্দেশ :** (i) সমস্ত প্রশ্ন বাধ্যতামূলক, প্রতিটি প্রশ্নের সঙ্গে নম্বর দেওয়া আছে।

(ii) প্রশ্ন সংখ্যা **1-20** বহুমুখী প্রশ্ন, প্রতিটি প্রশ্নের সঙ্গে 4টি সম্ভাব্য উত্তর দেওয়া আছে, ঠিক উত্তরটি বেছে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের মান **(1) One**।

---

1. লালু ব্যবসা করার জন্য দশ টাকা নিয়েছিল :

(A) মা (B) বাবা

(C) দাদা (D) দিদি **1**

2. "তবু যদি দুটি একটি করে পাঁপড়ি খুলে যায়" – খুলে যায় কথার অর্থ কী ?

(A) খুলে পড়ে যায় (B) বিকশিত না হওয়া

(C) ছিঁড়ে পড়ে যাওয়া (D) খুলে পড়ে যায় না **1**

3. 'হাঁকিছে ভবিষ্যৎ।' – এই কথাটি কে বলেছে ?

(A) জোয়ার (B) কবি

(C) মাঝি (D) সান্ত্রি **1**

4. 'তিমির রাত্রি', – 'তিমির' শব্দটির অর্থ কী ?

(A) গোধুলি (B) উষা

(C) রাত্রি (D) অন্ধকার **1**

5. "নাহি খেদ তাহে" – 'খেদ' কথার অর্থ কী ?

(A) আকাঙ্খা (B) নিরাশা

(C) আক্ষেপ (D) দুঃখ **1**



Unnati Educations
9899436384, 9654279279

6. জাপানে হিরোশিমা শহর প্রায় নিশ্চিহ্ন হয়েছিল :

(A) প্রথম বিশ্বযুদ্ধ (B) দ্বিতীয় বিশ্বযুদ্ধ

(C) তৃতীয় বিশ্বযুদ্ধ (D) কোনোটাই নয় 1

7. "তাঁর সঙ্গে কিছু আলাপ করা।" – কার সঙ্গে আলাপ করার কথা বলা হয়েছে ?

(A) মাদাম কুরি (B) জোলিও

(C) আইরিন (D) সত্যেন্দ্রনাথ 1

8. বৃদ্ধ মাধব শিরোমণি যাচ্ছিলেন :

(A) শিষ্য বাড়ি (B) বন্ধু বাড়ি

(C) গুরু বাড়ি (D) আত্মীয় বাড়ি 1

9. নীচের অসম্পূর্ণ বাক্যটিকে সম্পূর্ণ করার জন্য বাক্যাংশ দেওয়া আছে। ঠিক বাক্যাংশটি চিহ্নিত করুন :

"একদিন অমরায় গিয়ে ছিন্ন খঞ্জনার মতো ....... ।"

(A) বাংলার নদী মাঠ ভাটফুল কেঁদেছিল পায়

(B) সে নেচেছিল ইন্দ্রের সভায়

(C) শ্যামার নরম গান শুনেছিল

(D) অসংখ্য অশ্বত্থ বট দেখেছিল 1

10. অবাক জলপান নাটকে আমি বিশ্বাস করবো তখন :

(A) যখন দেখাতে পারবেন (B) যখন শুনাতে পারবেন

(C) যখন জানাতে পারবেন (D) যখন প্রমান দেখাতে পারবেন 1

11. চোট্টি একটি নাম ও বটে :

(A) সমুদ্রের নাম (B) নালার নাম

(C) নদীর নাম (D) বিলের নাম 1

12. রবীন্দ্রনাথের 'ছোওয়া ছুঁয়ি মন্ত্রতন্ত্র' নাটকে ডালের ক্ষেতের উপর অভিষাপ দিয়েছিল :

(A) মুসুর ডাল (B) মুগ ডাল

(C) খেসারি ডাল (D) ছোলার ডাল 1



Unnati Educations
9899436384, 9654279279

13. ‘মিলনের কথা’ প্রবন্ধটি পড়ে কোন্ ধারণাটি সত্য ?

(A) হিন্দু-মুসলমান-খ্রিস্টান প্রত্যেকটি জাতি আলাদা আলাদা।

(B) ধর্ম আচরণ আলাদা হলে ও সব মানুষ আসলে এক।

(C) মানুষ সম্পর্কে শাস্ত্রের নির্দেশই একমাত্র সত্য।

(D) মানুষ সম্পর্কে ধর্মধ্বজাদের কথাই সত্য। **1**

14. ‘ভারতীয় সংস্কৃতির ধারা’ প্রবন্ধে মুসলিম রাষ্ট্রে প্রাধান্য পায় :

(A) সংস্কৃত (B) আরবি

(C) ফারসি (D) ইংরেজি **1**

15. “মানুষ বড়ো কাঁদছে, তুমি মানুষ হয়ে পাশে দাঁড়াও” – কোন্ স্তবকের কোন্ পঙক্তি হিসাবে ব্যবহার করা হয়েছে ?

(A) প্রথম স্তবকের প্রথম পঙ্‌ক্তি (B) প্রথম স্তবকের তৃতীয় পঙ্‌ক্তি

(C) দ্বিতীয় স্তবকের প্রথম পঙ্‌ক্তি (D) দ্বিতীয় স্তবকের তৃতীয় পঙ্‌ক্তি **1**

16. ‘ছাড়পত্র’ কবিতায় শিশুটি কখন জন্মেছিল ?

(A) সকালে (B) দুপুরে

(C) সন্ধ্যায় (D) রাত্রে **1**

17. সঠিক স্তবকটি নির্বাচন করুন :

(A) টুক টুক পদ্ম
লক্ষ্মীর সম

(B) নয় নয় তুল্য
নয় তার নিশ্চয়

(C) এই এই মন
তন্ময় উন্মন

(D) কোন্ ব্যায় স্বপ্নের
কোন্ পুর স্বপ্নের **1**

18. ‘তোমাকে ছেড়ে দিলাম।’ – কথাটি বলেছিল –

(A) মনোহর (B) পুরুত ঠাকুর

(C) লালু (D) চাটুজ্জে **1**



Unnati Educations
9899436384, 9654279279

19. 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতায় 'পশ্চাৎ-পথ' যাত্রীদের কী দূর করতে হবে ?

(A) সাহস (B) অহংকার

(C) সংশয় (D) ঘৃণা 1

20. 'জন্মিলে মরিতে হবে' – কে বলেছিল ?

(A) মধুসূদন দত্ত (B) সত্যেন্দ্রনাথ দত্ত

(C) নরেন্দ্রনাথ দত্ত (D) বিজয় দত্ত 1

21 (ক) – 21 (চ) প্রশ্নগুলির উত্তর **10-12** টি শব্দে লিখুন :

21. (ক) 'শুদ্ধ ভাঙা নয়' – ভাঙার মধ্য দিয়ে কীসের ইঙ্গিত লক্ষ করা যায় ? 1

(খ) '.... দিতে হবে অধিকার ।' – অধিকার দেওয়ার কথা কেন বলেছে ? 1

(গ) 'মনের মন্দিরে সদা' – 'মনের মন্দির' কী ভাবে সাজাবে ? 1

(ঘ) পিয়ের শোপ্যাঁ কী প্রকৃতির লোক ছিলেন ? 1

(ঙ) আর্যদের আসার আগেই ভারতের কোন্ অঞ্চলে সভ্যতার অগ্রগতি ঘটেছিল ? 1

(চ) 'রেকর্ড' গদ্যে লেখকের ফিরে আসার উদ্দেশ্য ছিল কেন ? 1

22 (ক) – 22 (চ) প্রশ্নগুলির উত্তর অনধিক **30**টি শব্দে লিখুন :

22. (ক) 'ছাড়পত্র' কবিতা কার লেখা এবং তিনি কী পেয়েছেন ? 2

(খ) "অলস সময় ধারা বেয়ে" – উদ্ধৃত লাইনটি কোন্ কবিতার অংশ এবং লেখকের নাম কী ? 2

(গ) "ঘুঙুরের মতো তার কেঁদেছিল পায়" – কখন কেঁদেছিল ? 2

(ঘ) 'মিলনের কথা' গদ্যে তরুণদের শুভ সংকল্প কী ছিল ? 2

(ঙ) "এটা কি হিন্দু কি মুসলমান উভয়েরই মজ্জাগত ।" – উভয়ের মজ্জাগত বিষয় কী ? 2

(চ) "এ পথ গেছে কোন্খানে গো কোন্খানে ......" পঞ্চক এই গানের মধ্য দিয়ে কোন্ পথের সন্ধান দিতে চেয়েছেন ? 2

23. 23 (ক) – 23 (খ) প্রশ্ন দুটি অনধিক **40-42**টি শব্দে লিখুন :

(ক) "চল, আর কোথা যাই ।" – তারা চলে যেতে চেয়েছিল কেন ? 3

(খ) "পাছে কোনো মদমত্ত হাতির পায়ে
সেটুকু ও হয় থেঁতো ।" – উদ্ধৃত উক্তিটি সমাজের উপর কীভাবে প্রয়োগ ঘটিয়েছেন কবি – তা আলোচনা করো । 3



Unnati Educations
9899436384, 9654279279

24. তারাচাঁদ বিশ্বাস 'জলসত্র' বসিয়েছিল কেন ? **8**

**অথবা**

"নইলে আরো একটি যুক্তবেনী রচিত হতে পারত।" – যুক্তবেনী রচিত হয়নি কেন ?

25. "ক'রে হানাহানি, তবু চলো টানি নিয়াছ যে মহাভার" – কাণ্ডারীর 'মহাভার' টি কী – বিষদভাবে আলোচনা করুন। **8**

**অথবা**

"প্রবাসে দৈবের বসে,
জীব তারা যদি খসে" – কবি প্রবাসে গিয়েছিলেন কেন ?

26. "জল চাচ্ছেন তো 'জল' বললেই হয় – 'জলপাই' বলবার দরকার কি" ? – এই উক্তিটি কে করেছিলেন ? তিনি কী ধরনের উপমাগুলো তুলে ধরেছিলেন ? এই উক্তির মধ্যে দিয়ে ঐ চরিত্রটির স্বরূপ উদ্ঘাটন করুন। **1+2+3 = 6**

27. (ক) নিম্নলিখিত যে-কোনো **চারটির** সন্ধি-যুক্ত করুন : **4**

(A) অভি + ইষ্ট (B) আশীঃ + বাদ

(C) প্রতি + ঈক্ষা (D) প্র + ছন্ন

(E) জন্ম + অন্তর

(খ) নিম্নলিখিত যে-কোনো **চারটির** অশুদ্ধ সংশোধন করুন ঃ **4**

(A) পরিক্ষা (B) দুরাবস্থা

(C) শশীভূষণ (D) হৃদপিণ্ড

(E) মনোকষ্ট

(গ) নিম্নলিখিত যে-কোনো **চারটির** সমাসের নাম লিখুন : **4**

(A) গৌরাঙ্গ (B) ব্রাহ্মণ পন্ডিত

(C) মেঘগর্জন (D) অন্নবস্ত্র

(E) মহাশয়

(ঘ) অর্থ-অনুসারে বাক্যকে কয়ভাগে ভাগ করা হয় ? কি কি ? **4**



Unnati Educations
9899436384, 9654279279

28. অনধিক **75**টি শব্দে ভাব সম্প্রসারণ করুন : **5**

দাও ফিরে সে অরন্য, লাও এ নগর
লও যত লৌহ, লোষ্ট্র, কাষ্ঠ ও প্রস্তর।

অথবা

শৈবাল দিঘিরে বলে উচ্চ করি শির,
লিখে রেখো, এক ফোঁটা দিলেন শিশির ।।

29. বই কেনার টাকা চেয়ে পিতার নিকট একখানি পত্র লিখুন। **5**

অথবা

আপনি রাষ্ট্রীয় মুক্ত বিদ্যালয়ে পড়াশুনা করছেন। অতিরিক্ত পাঠের জন্য আপনি আপনার এলাকার একটি বিদ্যালয়ের গ্রন্থাগার ব্যবহার করতে চান। বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছে অনুমতি প্রার্থনা করে চিঠি দিন।

30. যে কোনো একটি বিষয়কে অবলম্বন করে অনধিক **120** টি শব্দে প্রবন্ধ লিখুন : **8**

(ক) ছাত্রদের সামাজিক দায়িত্ব :

(ভূমিকা – সাক্ষরতা অভিযানে ছাত্রসমাজ – কৃষি উন্নয়নে সাহায্য – সমাজ সেবামূলক কাজকর্ম – উপসংহার।)

(খ) আধুনিক জীবনে কম্পিউটার :

(ভূমিকা – আবিস্কার – কম্পিউটার পরিচিতি – আধুনিক জীবন কম্পিউটার ব্যবহার – উপসংহার।)

(গ) ভারতের জনসমস্যা :

(ভূমিকা – জনসমস্যাগুলির কারণ – জনসমস্যা সমাধানের ব্যবস্থা – উপসংহার।)

(ঘ) আমার প্রিয় কবি :

(ভূমিকা – জীবনকথা – সাহিত্য কীর্তি – রচনা বৈশিষ্ট্য – উপসংহার।)



Unnati Educations
9899436384, 9654279279

Unnati Educations
9899436384, 9654279279